



শেখ হাসিনার  
উদ্যোগ  
ঘরে ঘরে বিদ্যুৎ

# গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি

GAIBANDHA PALLI BIDYUT SAMITY

সদর দপ্তর  
তুলশীঘাট, গাইবান্ধা।  
মোবাইল নং- ০১৭৬৯৪০০৩০  
E-mail : gbndhapbs@yahoo.com  
Website : www.pbs.gaibandha.gov.bd

স্মারক নং-২৭.১২.০২২৪.৫২৩.০৪.০২৯.২০১৯.২৩২

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ  
০৩ জুন, ২০১৯খ্রিঃ

## বিষয়ঃ- ডিভেজ ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণের নিমিত্তে আবেদনপত্র আহবান।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.০২৯.৫৬.৮১৯.১৯.১৫৩৪, তারিখ- ০৩/০৬/২০১৯ খ্রিঃ অনুযায়ী গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগোলিক এলাকাভুক্ত গাইবান্ধা সদর, পলাশবাড়ী, গোবিন্দগঞ্জ, সাঘাটা ও ফুলছড়ি উপজেলায় বসবাসরত শিক্ষিত বেকার আত্মহী ও উদ্যমী, সৎ ও নিষ্ঠাবান পুরুষ/মহিলা প্রার্থীদের নিকট হতে ডিভেজ ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্তে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও গাইবান্ধা পবিস কর্তৃক লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকেই কেবলমাত্র গাইবান্ধা পবিসের ভৌগোলিক এলাকায় হাউজ ওয়্যারিং কাজ করার অনুমতি প্রদান করা হবে। প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ ও যোগ্যতার ভিত্তিতে প্রশিক্ষণ প্রদান করা হবে।

### শর্তাবলীঃ

- ০১। আত্মহী প্রার্থীকে A4 সাইজের সাদা কাগজে নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, মোবাইল নম্বর ও শিক্ষাগত যোগ্যতা উল্লেখ পূর্বক আবেদন করতে হবে।
- ০২। প্রার্থীকে এস,এস,সি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ০৩। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি, সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, জাতীয় পরিচয় পত্র (আইডি কার্ড) এর সত্যায়িত ফটোকপি ও স্থায়ীভাবে বসবাসের সমর্থনে সুশ্রীষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদ পত্র সংযুক্ত করে মুখবন্ধ খামে ভরে ডাকযোগে অথবা সরাসরি আগামী ১৬/০৬/২০১৯ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, গাইবান্ধা পবিস, তুলশীঘাট, গাইবান্ধা-এই ঠিকানায় আবেদনপত্র প্রেরণ করতে হবে। খামের উপরের দিকে “ডিভেজ ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ কোর্স” কথাটি লিখতে হবে। বিলম্বে প্রাপ্ত ও অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০৪। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের সাক্ষাতকার আগামী ১৮/০৬/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় গাইবান্ধা পবিস এর সদর দপ্তরে অনুষ্ঠিত হবে। সাক্ষাতকারের দিন আবেদন পত্রের সহিত শর্তানুযায়ী S.S.C/সমমান পাশের মূল সনদ পত্র সহ অন্যান্য মূল কাগজ পত্র সঙ্গে আনতে হবে, বাছাই পরে উত্তীর্ণ প্রার্থীদের নামের তালিকা ঐ দিনই সমিতির সদর দপ্তরের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে এবং একই সময়ে প্রশিক্ষণ শুরুর তারিখ ও মেয়াদকাল উত্তীর্ণ প্রার্থীদেরকে জানানো হবে।
- ০৫। নির্বাচিত/মনোনীত প্রার্থীদের সমিতির সদর দপ্তরে অনুষ্ঠিতব্য বেসিক কনজুমার ওয়্যারিং কোর্স (কোড নং-TW020) এ অংশগ্রহণ করতে হবে। প্রশিক্ষণকালীন সময়ে প্রশিক্ষণার্থীগণ নিজ দায়িত্বে থাকা, খাওয়ার ব্যবস্থা করবেন।
- ০৬। প্রশিক্ষণের জন্য নির্বাচিত/মনোনীত প্রার্থীগণকে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য কোন কোর্স ফি প্রয়োজন নাই।
- ০৭। প্রশিক্ষণ কোর্সটি ০১/০৭/২০১৯ ইং তারিখ হতে গাইবান্ধা পবিস এর সদর দপ্তরে শুরু হবে।
- ০৮। আবেদন জমার তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বৎসর হতে হবে।
- ০৯। প্রশিক্ষণ শেষে বাপবিবো ও পবিস কর্তৃক অনুষ্ঠিত চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে অত্র সমিতির তালিকাভুক্ত ডিভেজ ইলেকট্রিশিয়ান হিসেবে সমিতির ভৌগোলিক এলাকার গ্রাহকদের হাউজ ওয়্যারিং কাজ করার অনুমতি প্রদান করা হবে।
- ১০। এই প্রশিক্ষণ কোর্স কোন প্রকার চাকুরীর নিশ্চয়তা প্রদান করে না।
- ১১। প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে বাপবিবো/পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(ম্মে পানা উল্লাহ)  
জেনারেল ম্যানেজার

### অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ বহুল প্রচারের অনুরোধসহ।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ(উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ০৫। পুলিশ সুপার, গাইবান্ধা।
- ০৬। সভাপতি, সমিতি বোর্ড, গাইবান্ধা পবিস।
- ০৭। মেয়র ..... গাইবান্ধা পৌরসভা।
- ০৮। উপজেলা চেয়ারম্যান, গাইবান্ধা সদর, পলাশবাড়ী, গোবিন্দগঞ্জ, সাঘাটা ও ফুলছড়ি উপজেলা, গাইবান্ধা।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, পলাশবাড়ী, গোবিন্দগঞ্জ, সাঘাটা ও ফুলছড়ি উপজেলা, গাইবান্ধা।
- ১০। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা।
- ১১। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, গাইবান্ধা।
- ১২। ডিজিএম, গোবিন্দগঞ্জ জোঃঅঃ/বোনারপাড়া জোঃঅঃ/সদর দপ্তর-কারিগরী, গাইবান্ধা পবিস।
- ১৩। এজিএম (ওএন্ডএম), গোবিন্দগঞ্জ /বোনারপাড়া জোনাল অফিস, গাইবান্ধা পবিস।
- ১৪। এজিএম(অর্থ/প্রশাসন/ইএন্ডসি/ওএন্ডএম), গাইবান্ধা পবিস।
- ১৫। অধ্যক্ষ .....
- ১৬। চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ।
- ১৭। ইনচার্জ ..... অভিযোগ কেন্দ্র, গাইবান্ধা পবিস।
- ১৮। নোটিশ বোর্ড, সদর দপ্তর//গোবিন্দগঞ্জ জোনাল অফিস/বোনারপাড়া জোনাল অফিস, গাইবান্ধা পবিস।

জেনারেল ম্যানেজার।